



ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক
RESERVE BANK OF INDIA

ওয়েবসাইট: www.rbi.org.in

ই-মেল Email : helpdoc@rbi.org.in

যোগাযোগ বিভাগ, কেন্দ্রীয় কার্যালয়, এস.বি.এস. মার্গ, মুম্বাই-400 001

DEPARTMENT OF COMMUNICATION, Central Office, S .B.S Marg, Mumbai-400001

ফোন/ Phone:91 22 2266 0502 ফ্যাক্স /Fax : 90 22 2266 0358

₹ 500/- টাকার এবং ₹ 1000/- টাকার ব্যাংক নোটের আইনগত পেশযোগ্যতা প্রত্যাহার: আর বি আই বিবৃতি

বিদ্যমান ₹ 500/- টাকার এবং ₹ 1000/- টাকার ব্যাংক নোটের আইনগত পেশযোগ্যতা প্রত্যাহার করার পথে বিশেষভাবে উল্লেখিত ব্যাংক নোটগুলিকে (SBN) যথাসম্ভব মসৃণ এবং অবাধভাবে প্রত্যাহার করা এবং অন্য মূল্যমানের আইনগত পেশযোগ্য ব্যাংক নোটে বিনিময় প্রদান করা ব্যাংকিং ব্যবস্থার উপর বিপুল দায়িত্ব অর্পণ করেছে। এর মধ্যে অন্তর্গত আছে ঘোষণা হওয়ার মাত্র কয়েক ঘণ্টার মধ্যে ATM গুলি থেকে SBN প্রত্যাহার করা, এগুলিতে অন্য আইনগতভাবে পেশযোগ্য নোট প্রদান করার ব্যবস্থা পুনঃস্থাপিত করা, এবং দুদিনের মধ্যে ATMগুলিকে নতুন নোট জারি করার যোগ্য করে তোলা, যাতে ঘোষণা হওয়ার অব্যবহিত পর দিন থেকেই সাধারণ জনগণ সারা দেশের সমস্ত ব্যাংক শাখা থেকে বিনিময় সুবিধা পেতে পারেন। জনগণের অসুবিধা হ্রাস করার জন্য ব্যাংকসমূহের শাখাগুলি এবং সমস্ত আর বি আই কার্যালয়, নির্ধারিত কাজের সময়ের বাইরে, কাজ করে চলেছে এবং তার জন্য অতিরিক্ত কাউন্টার খোলা হয়েছে, বিপুল সংখ্যক জনগণের কাছে পরিষেবা পৌঁছে দেওয়ার জন্য। সংবাদ পাওয়া গেছে যে নভেম্বর 10, 2016 তারিখে 10 কোটি টাকার বিনিময় লেনদেন সম্পন্ন হয়েছে। এছাড়াও, শনি ও রবিবারে ব্যাংকগুলি এবং আর বি আই কার্যালয় খোলা রাখা হয়েছে, জনগণের আশু প্রয়োজন মেটাতে এবং পরিস্থিতি সহজ করার লক্ষ্যে।

অন্য মূল্যমানের আইনগতভাবে পেশযোগ্য ব্যাংক নোটের (₹ 2000 সহ), প্রয়োজনীয়তা মাথায় রেখে দেশব্যাপী 4000 স্থানে কারেন্সী চেষ্ট গুলিতে পর্যাপ্ত পরিমাণে, ওই নোটের সংগ্রহ রাখা হয়েছে। ব্যাংক শাখাগুলিকে ওই চেষ্টগুলির সাথে সম্পর্কিত রাখা হয়েছে তাদের কাছ থেকে প্রয়োজনমতো নোট সংগ্রহ করার জন্য। এই প্রয়োজন পরিপূরণের জন্য, নোট মুদ্রণ প্রেসগুলি তাদের সর্বাধিক ক্ষমতায় মুদ্রণ কাজ করে চলেছে, যাতে পর্যাপ্ত সংখ্যায় এই নোটগুলি সরবরাহ করা যায়।

যখন এই প্রচেষ্টা অব্যাহত আছে, জনসাধারণকে উৎসাহিত করা হচ্ছে মূল্যপ্রদানের বিকল্প মাধ্যম ব্যবহার করতে, যেমন প্রি-পেড কার্ড, রুপে/ ক্রেডিট /ডেবিট কার্ড, মোবাইল ব্যাংকিং, ইন্টারনেট ব্যাংকিং। যাদের জন ধন যোজনার অধীনে অ্যাকাউন্ট খোলা হয়েছে এবং কার্ড জারি করা হয়েছে, তাদের অনুরোধ করা হচ্ছে সেই কার্ড ব্যবহার করার জন্য। এই কার্ড ব্যবহারের ফলে বাস্তবিক নোটের উপর থাকা চাপ কমবে এবং আমাদের ডিজিটাল জগতে নিয়ে যাওয়ার পথে এক ধাপ এগিয়ে দেবে।

এই বিশেষভাবে উল্লেখিত ব্যাংক নোটগুলির বিনিময়ে অন্য মূল্যমানের ব্যাংক নোট সারা ভারতের নির্ধারিত আর বি আই কার্যালয়ে পাওয়া যাবে, **ডিসেম্বর 30, 2016 তারিখ পর্যন্ত এমনকি তার পরেও**। যেহেতু যথেষ্ট সময় বাকি আছে, জনসাধারণের পক্ষে নোট বিনিময়ের জন্য তড়িঘড়ি ব্যাংকের শাখাগুলিতে ভীড় করে, ব্যাংকিং ব্যবস্থার উপর এমন চাপ সৃষ্টি করার প্রয়োজন নেই, যা স্বচ্ছন্দে এড়িয়ে চলা যায়।

প্রেস প্রকাশনী : 2016-2017/1190

অল্পনা কিল্লাওয়াল
মুখ্য উপদেষ্টা